



শিক্ষার্থীরাই দেশের সবচেয়ে বড় সম্পদ: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

দেশের শিশু-কিশোরদের ভবিষ্যতের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে শিক্ষার পাশাপাশি নৈতিক মূল্যবোধ চর্চার ওপর গুরুত্ব দিয়েছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

শুক্রবার (১২ জুন) ঠাকুরগাঁওয়ের শহীদ মোহাম্মদ আলী স্টেডিয়ামে বাংলাদেশ-চীন মৈত্রী উদ্যোগের আয়োজনে শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে তিনি বলেন, আগামী দিনের বাংলাদেশ গড়ার দায়িত্ব আজকের শিক্ষার্থীদের হাতেই। তাই তাদের বিকাশে পরিবার, শিক্ষক ও সমাজকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

তিনি বলেন, কোনো দেশের অগ্রগতি নির্ভর করে শিক্ষিত ও দক্ষ জনশক্তির ওপর। শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা ও সুযোগ নিশ্চিত করা গেলে তারাই একসময় দেশের উন্নয়নের চালিকাশক্তিতে পরিণত হবে।

অনুষ্ঠানে চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন জানান, বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য সহযোগিতা কার্যক্রম অব্যাহত থাকবে। একই সঙ্গে ঠাকুরগাঁওয়ের কৃষি, শিল্প ও বিনিয়োগ সম্ভাবনা মূল্যায়নে শিগগিরই চীনের একটি প্রতিনিধি দল সফর করবে।

এ সময় জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় সাড়ে ৬ হাজার শিক্ষার্থীর হাতে স্কুলব্যাগ, খাতা, কলমসহ নানা শিক্ষা উপকরণ তুলে দেওয়া হয়।